

## ভারত-টিউনিসিয়া বিদেশমন্ত্রকের তৃতীয় শলা-পরামর্শ

পররাষ্ট্রমন্ত্রকের সচিব(পূর্ব) শ্রী অনিল ওয়াধা তৃতীয় বিদেশমন্ত্রকের শলা-পরামর্শের জন্য টিউনিসিয়া সফর করেন। ১২ বছরের ব্যবধানে ৩০ এপ্রিল ২০১৫ এই বৈঠক অনুষ্ঠিত হয়। এই সফরে তিনি টিউনিসিয়ার বিদেশমন্ত্রকের সেকরেটারি অব সেট সন্মানীয় মিঃ মোহাম্মেদ এজিন শেলাইফার সংগে সর্বাঙ্গীণ বিষয়ে আলোচনা করেন। দ্বিপাক্ষিক ও বহুদেশীয় মঞ্চের বিষয়গুলি নিয়ে আলোচনা হয়। এছাড়া অভিন্ন স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়েও আলোচনা হয়েছে। কূটনৈতিক ও সরকারি পাসপোর্টধারীদের জন্য ভিসা ছাড়ের বিষয়ে উভয়পক্ষ একটি চুক্তি স্বাক্ষর করেন।

সচিব(পূর্ব) টিউনিসিয়ার বিদেশ মন্ত্রকের মন্ত্রী সন্মানীয় মিঃ তাইয়ুব বাকুশের সংগে সাক্ষাৎ করেন। তিনি টিউনিসিয়ার মন্ত্রীকে অক্টোবর ২০১৫ সালে দিল্লিতে অনুষ্ঠিত ভারত-আফ্রিকা শিখর সম্মেলন সম্পর্কে এবং ভারতের প্রধানমন্ত্রী শীঘ্রই টিউনিসিয়ার মহামহিম রাষ্ট্রপতিকে আমন্ত্রণ পাঠাবেন বলে অবহিত করেন। বিবিধ ক্ষেত্রের যৌথ কার্যকরী গোষ্ঠীর বৈঠক এবং যৌথ কমিশনের পরবর্তী বৈঠক নিদ্বারণ করা সব দ্বিপাক্ষিক সংযোগের বিষয়গুলি নিয়ে আলোচনা হয়।

শ্রী ওয়াধা বাণিজ্য ও হস্তশিল্প মন্ত্রী সন্মানীয় মিঃ রিধা লাহয়েল, প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা সন্মানীয় মিঃ রিধা মোসবাহ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী সন্মানীয় মিঃ নোমান ফেহরি এবং লগ্নি ও আন্তর্জাতিক বিভাগের সেকরেটারি অব সেট সন্মানীয় মিসেস আমুল আজুজের সংগে বৈঠক করেন। ফসফেট সংকরাস্ত্র দ্বিপাক্ষিক যৌথ উদ্যোগের TIFERT -এর বিষয়েও আলোচনা হয়। আর্থিক সহযোগিতার নতুন ক্ষেত্রগুলির সম্ভাবনা বৈঠকে সন্ধান করা হয়। এবং কয়েকটি বিশেষ ক্ষেত্রে উভয়দিকে বাণিজ্যের সম্ভাবনা রয়েছে চিহ্নিত করা হয়। টিউনিসিয়ার ভেষজ পণ্যের নিয়ন্ত্রক সংস্থা -ডিপিএমের একজিকিউটিভ চিফ মিসেস ইনেস ফ্রাদির সংগেও সাক্ষাৎ করেন। নতুন ভেষজ পণ্যের নথিভুক্তকরণ করার পদ্ধতি সরলীকরণ নিয়ে আলোচনা করেন।

সেন্টার ফর ইসলাম স্টাডি ও ডেমোক্রেসি দ্বারা আয়োজিত এক আলোচনা চক্রে সচিব(পূর্ব) ওয়াধা সেখানকার শিক্ষাবিদ ও রাজনৈতিক বিশেষজ্ঞদের সংগে মিলিত হন এবং টিউনিসিয়ার বণিক সভা কনেকট আয়োজিত সভায় টিউনিসিয়া উদ্যোগপতিদের সংগে মিলিত হন।

টিউনিসিয়ার জেরবায় সাময়িকভাবে স্থানান্তরিত টিরপোলির ভারতীয় দুতাবাসের কর্মকর্তারা সচিব (পূর্ব)র সংগে মিলিত হন এবং পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন।

টিউনিস

১ মে ২০১৫